

## 💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ৩৫৭

৯. সফরে নামায কসর পড়া (كتاب قصر الصلاة في السفر)

পরিচ্ছেদঃ ১১. মুসল্লির সামনে দিয়া চলার অনুমতি

بَابِ الرُّحْصَةِ فِي الْمُرُورِ بَيْنَ يَدَيْ الْمُصلِّي

## আরবী

وَحَدَّتَنِي عَنْ مَالِك، أَنَّهُ بَلَغَهُ أَنَّ سَعْدَ بْنَ أَبِي وَقَّاصٍ، كَانَ يَمُنُّ بَيْنَ يَدَى بَعْضِ الصَّفُوفِ وَالصَّلاَةُ قَائِمَةٌ . قَالَ مَالِكٌ وَأَنَا أَرَى ذَلِكَ وَاسِعًا إِذَا أُقِيمَتِ الصَّلاَةُ وَبَعْدَ أَنْ يُحْرِمَ الْإِمَامُ وَلَمْ يَجِدِ الْمَرْءُ مَدْخَلاً إِلَى الْمَسْجِدِ إِلاَّ بَيْنَ الصَّفُوفِ

## বাংলা

রেওয়ায়ত ৩৯. মালিক (রহঃ) বলেন, তাহার নিকট রেওয়ায়ত পৌছিয়াছে যে, নামায কায়েম আছে, এমন অবস্থায় সা'দ ইবন আবি ওয়াক্কাস (রাঃ) কোন কোন সময় কাতারের মাঝ দিয়া চলাচল করিতেন।

ইয়াহইয়া (রহঃ) বলেন- মালিক (রহঃ) বলিয়াছেনঃ যদি নামায আদায় হইয়া যায় এবং ইমাম নিয়ত করিয়া ফেলেন, তখন কোন ব্যক্তি কাতারের মাঝ দিয়া ব্যতীত অন্য কোন রাস্তায় মসজিদে প্রবেশ করিতে (নামাযে শামিল হওয়ার জন্য) না পারিলে, তাহার জন্য এ ব্যাপারে (কাতারের মধ্য দিয়া প্রবেশ করার) অবকাশ আছে বলিয়া আমি মনে করি।

## **English**

Yahya related to me from Malik that he had heard that Said ibn Abi Waqqas used to pass in front of some of the rows while the prayer was in progress.

Malik said, "I consider that it is permissible to do that if the iqama for the prayer has been said and the imam has said the initial takbir and a man cannot find any way into the mosque except by going between the rows."

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ মালিক ইবনু আনাস (রহঃ)



 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 73250$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন